

এস্টেট বিভাগের এর অধীনে চলমান বর্তমান কার্যক্রম সমূহঃ

বে-টার্মিনালঃ

বঙ্গোসাগরের কোলঘেষে মধ্য হালিশহর, উত্তর হালিশহর ও দক্ষিণ কাউলী মৌজায় মোট ৯২৭ একর জমি অধিগ্রহণ প্রক্রিয়া অব্যাহত আছে।

সীতাকুন্ড পোর্ট :

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃক সীতাকুন্ড মীরসরাই অঞ্চলে প্রায় ৩০০০০ একর জমির উপর অর্থনৈতিক অঞ্চল তৈরী হচ্ছে। উক্ত অর্থনৈতিক অঞ্চল এ সহায়তা দেয়ার জন্য সরকার সীতাকুন্ড এলাকায় একটি সীতাকুন্ড পোর্ট(ইন্টারমিডিয়েট পোর্ট) নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং ১২৯৯ একর জমি অধিগ্রহণ এর সরকারী অনুমোদন পাওয়া গেছে।

মাতারবাড়ী পোর্ট :

কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় মাতারবাড়ী ও ধলঘাট মৌজায় সরকার একটি নতুন কমাশিয়াল পোর্ট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছেন। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী কর্তৃক অর্থনৈতিক সমীক্ষা সম্পন্ন করা হয়েছে এবং পূর্ণাঙ্গ ডিজাইন প্রণয়নের কাজ চলমান আছে। উক্ত বন্দর নির্মাণের জন্য সর্বমোট ১২২৫ একর জমি অধিগ্রহণের কাজ সহসাই শুরু হবে।

লালদিয়া পতেঙ্গা কন্টেইনার টার্মিনালঃ

লালদিয়া মাল্টিপারপাস টার্মিনাল পতেঙ্গা এলাকায় ১৩ ও ১৫ নং খাল মধ্যবর্তী স্থানে প্রায় ৫৯ একর জমির উপর পি.পি.পি পদ্ধতিতে লালদিয়া মাল্টিপারপাস টার্মিনাল নির্মিত হচ্ছে। উক্ত স্থানের বাসিন্দাদের অন্যত্র পুনর্বাসনের উদ্যোগ নেওয়া হয়েছে।

ভূমি উন্নয়ন কর পরিশোধঃ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রতিবছর ভূমি উন্নয়ন কর বাবদ সরকারকে ২.৫০ কোটি টাকা প্রদান করে থাকে।

পৌর কর পরিশোধঃ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে পৌরকর বাবদ প্রতিবছর ৩৯.৫০ কোটি টাকা প্রদান করে থাকে।

উচ্ছেদঃ

চবক এর চূড়ান্ত দখলীয় জমি অবৈধ অনুপ্রবেশকারী হতে রক্ষা করার জন্য ভূমি বিভাগ সময়ে সময়ে তার অধিভুক্ত সীমানায় উচ্ছেদ অভিযান পরিচালনা করে থাকে।